

48

দৈনিক সংবাদ

তারিখ 26 APR 1996

পৃষ্ঠা ৫ কলাম ৫

সাংবাদিক সম্মেলনে শিক্ষকদের অভিযোগ

কৃঃ বিঃ-এ সাম্প্রতিক সন্তাসের জন্য উপাচার্যের নীতিই দায়ী

ময়মনসিংহ, ২৫শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।- কৃষি বিশ্ববিদ্যালয়ে গত ১৫ ও ১৬ই এপ্রিল প্রশাসন ও অনুষদ ভবন ভাঙচুর, উপাচার্যের বাসভবনে ভাঙচুর ও অগ্নিসংযোগ এবং শিক্ষকদের বাসা ভাঙচুরের জন্য উপাচার্যের প্রশাসনিক দুর্বলতা, একটি বিশেষ মহলের প্রতি নতজানু নীতি এবং একই কারণে সন্ত্রাসী ছাত্র নামধারীদের প্রতি ক্রমাগত সহনশীলতা ও নমনীয়তা প্রদর্শনই দায়ী-সম্প্রতি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি এক সাংবাদিক সম্মেলনে একথা বলেছে।

সম্মেলনে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ শহীদ উল্লাহ তালুকদার, সহ-সভাপতি প্রফেসর গোলাম শাহী আলম, সাধারণ সম্পাদক প্রফেসর মোঃ শাহ-ই-আলম বক্তব্য রাখেন।

সম্মেলনে তারা বলেন, মূলত ১৫ই এপ্রিল কৃষি অনুষদের তৃতীয় বর্ষের ফাইনাল পরীক্ষাকে কেন্দ্র করে এই ঘটনার সূত্রপাত। উক্ত পরীক্ষাটি ৭ বার বাতিল করা হয়েছে। উক্ত পরীক্ষায় ছাত্রদের নেতাগণ কয়েকবার পরীক্ষায় অকৃতকার্য হয়েছে। এবারও পরীক্ষা বাতিলের দাবি করা হলে কর্তৃপক্ষ তা বাতিল না করায় তা সন্ত্রাসী ঘটনা ঘটিয়ে বাতিল করা হয়। তবে কৃষি বিশ্ববিদ্যালয় ব্যতীত দেশের ৪টি কলেজে এই পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে। তারা আরো বলেন, শিক্ষকদের হুমকি, অস্ত্রের ভয় ও শিক্ষকদের সাথে অশালীন আচরণের জন্য ছাত্রদের নাম উল্লেখ করে কর্তৃপক্ষের নিকট বিচার দাবি করা সত্ত্বেও তার কোন বিচার হয়নি। শিক্ষক সমিতি অবিলম্বে কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রনামধারী সন্ত্রাসীদের বিচারের দাবি জানায়।

সাংবাদিক সম্মেলনে ডঃ মেজবাহ উদ্দিন আহমেদ, ডঃ এ, কে, এম ফজলুল হক, প্রফেসর ডঃ নজরুল ইসলাম, ডঃ আবুল কাশেম, ডঃ মোঃ ইদ্রিস মিয়া, এ, এম আবদুল কুদ্দুস মিয়া প্রমুখ শিক্ষক নেতা উপস্থিত ছিলেন।